

# কালের কণ্ঠ

রবিবার। ১৬ মার্চ ২০১৪। ২ চৈত্র ১৪২০

First Page



ছবি : পিআইডি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ চ্যাপেলের হিসেবে গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মোহাম্মদের হাতে ফ্রেস্ট তুলে দেন।

## প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ বাংলাদেশের উন্নয়নের প্রশংসা করলেন মাহাথির মোহাম্মদ

কালের কণ্ঠ ডেস্ক ▶

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মোহাম্মদ সাম্প্রতিক সময়ে বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের উন্নয়ন, বিশেষ করে অবকাঠামোর উন্নয়নের ভূয়সী প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে গতকাল শনিবার সন্ধ্যায় সৌজন্য সাক্ষাৎ করতে এসে মাহাথির এ মন্তব্য করেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী মাহবুবুল হক শাকিল সাংবাদিকদের এ কথা জানান।

বৈঠকে অন্যদের মধ্যে প্রধানমন্ত্রীর ছেলে সজীব ওয়াজেদ জয়, প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবদুস সোবহান সিকদার, পররাষ্ট্রসচিব শহীদুল হক ও মালয়েশীয় দূত নরলিন ওসমান উপস্থিত ছিলেন।

ড. মাহাথির ও তাঁর পত্নী ড. সিতি হাসমাদ বিনতে মোহাম্মদ-আলীর সম্মানে প্রধানমন্ত্রী গণভবনে নৈশ ভোজের আয়োজন করেন।